# ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ
# VIQARUNNISA NOON SCHOOL & COLLEGE

ESTD: 1952

info@vnsc.edu.bd, vnsc.edu@gmail.com www.vnsc.edu.bd

EIIN:108357


স্মারক নংঃ ভিএনএসসি/২০২৪/৫৬৩ তারিখঃ ২৪ ডিসেম্বর, ২০২৪

## ২০২৫ শিক্ষাবর্ষে ১ম থেকে ৯ম শ্রেণির আবেদন ফরম জমা সংক্রান্ত বিজ্ঞপ্তি (অপেক্ষমান তালিকা-০১)

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক ডিজিটাল লটারী পদ্ধতিতে মেধা তালিকায় নির্বাচিত ২০২৫ শিক্ষাবর্ষে ১ম থেকে ৯ম শ্রেণিতে সকল শাখার বাংলা ও ইংরেজি ভার্সনে (প্রভাতি ও দিবা শাখায়) শিক্ষার্থীদের ভর্তির জন্য আবেদপত্রের কপিসহ বিভিন্ন কোটা প্রমাণের প্রয়োজনীয় কাগজপত্র অত্র প্রতিষ্ঠানের নির্বাচিত শাখা ও শিফটে ২৬ ডিসেম্বর ২০২৪ তারিখে সকাল ০৯:০০টা থেকে দুপুর ১২:০০টার মধ্যে জমা দিতে হবে।

### বিভিন্ন শাখায় ২০২৫ শিক্ষাবর্ষে ১ম থেকে ৯ম শ্রেণির ১ম অপেক্ষমান তালিকার কোটাভিত্তিক ক্রম

| শাখা | ১ম শ্রেণি | ২য় শ্রেণি | ৩য় শ্রেণি | ৪র্থ শ্রেণি | ৫ম শ্রেণি | ৬ষ্ঠ শ্রেণি | ৯ম শ্রেণি | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | ব্যবসায় শিক্ষা | মানবিক |
| মূল প্রভাতী (বাংলা) | ১০-১৮, ১১৮-১২০, ১২৫-১৪৬ | | | | | | ১, ৩-৬, ২৩-৩২ | |
| মূল দিবা (বাংলা) | ৯-১৮, ৯৭-১১১ | ৩-৫, ২০-২১, ২৪-২৯ | ২, ৩ | ৭, ৮ | ৪, ৫ | | | ৩, ৪, ১৭-২৩ |
| মূল প্রভাতী (ইংরেজি) | ১, ৫-৮, ৪৯-৫৮ | | | | | | | |
| মূল দিবা (ইংরেজি) | ৫-১২, ৪৯-৫৭ | | | | | | | |
| ধানমন্ডি প্রভাতী | ৪-৬, ৩৬-৪৬ | ১, ২, ৫, ৬ | | | ১ | ৩ | | |
| ধানমন্ডি দিবা | ১, ৪-৭, ৩৬-৪০ | ১, ২, ৫-৮ | ৩ | ১,৩ | | ১ | | |
| বসুন্ধরা প্রভাতী | ৭-১৩, ৭২-৮৭ | | | | | | | |
| বসুন্ধরা দিবা | ২, ৮-১৮, ৭৪-৮৭ | | | | | | ১-১৮ | |
| আজিমপুর প্রভাতী | ১, ২, ৭-১২, ৭৩-৮৯ | | | | | | ১-১৬ | |
| আজিমপুর দিবা | ১, ৮-১৩, ৭৪-৮৫ | | | | | | ১-১১ | |

**অনলাইন আবেদন ফরমের প্রিন্ট কপি জমা দেওয়ার জন্য করনীয়ঃ**

১। সকল শিক্ষার্থীর জন্ম নিবন্ধনের ফটোকপি/অনলাইন ভেরিফাইড কপি আবেদনকৃত ফরমের সাথে জমা দিতে হবে। সকল জন্ম সনদ অনলাইনে যাচাই করা হবে। আবেদনকারীর অনলাইন জন্ম নিবন্ধনের সাথে আবেদন ফরমের কোন ভুল বা তথ্যে গরমিল থাকলে ভর্তির জন্য অযোগ্য হিসেবে বিবেচিত হবে।

২। আবেদনপত্র জমা দেওয়ার সময় শিক্ষার্থীর পিতা-মাতার NID/Passport এর ফটোকপি অবশ্যই জমা দিতে হবে।

৩। **বিভিন্ন কোটার জন্য প্রয়োজনীয় কাগজপত্র ঃ**

ক) মুক্তিযোদ্ধা কোটা(FF)ঃ এই কোটার জন্য প্রার্থীকে মুক্তিযোদ্ধা মন্ত্রণালয় থেকে প্রাপ্ত মূল সনদের ফটোকপি জমা দিতে হবে। এই কোটা শুধুমাত্র মুক্তিযোদ্ধাদের সন্তানদের জন্য প্রযোজ্য হবে।

খ) যমজ/সহোদর কোটা (SIB)ঃ যমজ কোটার জন্য শিক্ষার্থীদের যমজ প্রমানের জন্য আল্ট্রাসনোগ্রাম, টিকাকার্ড, মেডিক্যাল সনদপত্র ও বিভিন্ন সময় তোলা ছবি জমা দিতে হবে। সহোদর বোন অত্র প্রতিষ্ঠানের যে শাখায় যে শিফটে অধ্যয়নরত প্রার্থীকে সেই শাখার সেই শিফট থেকে আইডি কার্ড /প্রত্যয়ন পত্র সংগ্রহ করে আবেদনপত্রের সাথে জমা দিতে হবে যেখানে সহোদর বোনের নাম, শ্রেণি, সেকশন, ক্রমিক নম্বর, শিফ্ট ও Student ID নম্বর উল্লেখ থাকে। উল্লেখ্য যে, এ সুবিধা কোন দম্পতির মোট ০৩ (তিন) সন্তান পর্যন্ত প্রযোজ্য হবে।

Hasneda Begum

গ) ক্যাচমেন্ট এরিয়া কোটা (CA) ঃ এই কোটার জন্য প্রার্থীকে নিজ বাড়ির ক্ষেত্রে Utility Bill, ভাড়াটিয়ার ক্ষেত্রে Utility Bill ও বাড়ি ভাড়ার চুক্তিপত্র (স্ট্যাম্পে), সরকারী কর্মকর্তা ও কর্মচারীর ক্ষেত্রে Utility Bill ও Allotment Letter এর কপি জমা দিতে হবে এবং আবেদন পত্র জমা দেয়ার সময় মূল কপি প্রদর্শন করতে হবে। প্রিপেইড মিটার হলে মূল কার্ড এর উভয় পৃষ্ঠার ফটোকপি জমা দিতে হবে।

ঘ) বিশেষ চাহিদা কোটা (DIS)ঃ এই কোটার প্রমাণ স্বরূপ সমাজসেবা অধিদপ্তরের প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে।

ঙ) শিক্ষা মন্ত্রণালয় কোটা (ME) ঃ এই কোটার জন্য শিক্ষা মন্ত্রণালয় ও অধীনস্থ দপ্তর/সংস্থায় (তফসিল-ক এ বর্ণিত) কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের সন্তানদের ক্ষেত্রে আবেদনের সঙ্গে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের প্রত্যয়নপত্র ও আইডি কার্ড দাখিল করতে হবে। সংশ্লিষ্ট কর্মকর্তা নিজস্ব দপ্তরের প্রধান হলে সেক্ষেত্রে তাঁর উর্ধ্বতন কর্মকর্তা কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র দাখিল করতে হবে।

চ) লিল্লাহ বোর্ডিং কোটা (LB) ঃ এই কোটার জন্য সরকার অনুমোদিত লিল্লাহ বোর্ডিং থেকে গৃহীত প্রত্যয়ন পত্র জমা দিতে হবে।

৪। ভর্তিকৃত শিক্ষার্থী ও তার পিতা মাতার নাম/ নামের কোন অংশ/ জন্ম তারিখ পরবর্তী সময়ে কোন ক্রমেই পরিবর্তন করা যাবে না। উল্লেখ্য এ বিষয়ে কোন আবেদন গ্রহণ করা হবে না । যে কোন অসম্পূর্ণ ফরম বাতিল হিসেবে গণ্য হবে।

৫। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক ডিজিটাল লটারীতে ভর্তির জন্য নির্বাচিত শিক্ষার্থী কোন ক্রমেই ব্রাঞ্চ বা শিফট পরিবর্তন করতে পারবে না। সহোদর বোনের ক্ষেত্রেও ব্রাঞ্চ বা শিফট পরিবর্তন গ্রহণযোগ্য নয়।

৬। অনলাইনে ভর্তি ফি প্রদানের তারিখ, সময় ও বিস্তারিত তথ্য প্রতিষ্ঠানের ওয়েবসাইট ও নোটিশ বোর্ডে পাওয়া যাবে। ভর্তির জন্য শিক্ষার্থীদের অভিভাবকের মোবাইল নাম্বারে (আবেদন ফরমে প্রেরিত নম্বর) এসএমএস এর মাধ্যমে ছাত্রীদের আইডি ও পাসওয়ার্ড প্রদান করা হবে।

৭। এই স্কুলে ভর্তির জন্য এ প্রতিষ্ঠানের ভেতরের বা বাইরের কোন ব্যক্তির মাধ্যমে তদবির অথবা আর্থিক লেনদেন করে প্রতারণার শিকার না হওয়ার জন্য অভিভাবকদের পরামর্শ দেয়া হল।

৮। ২য় থেকে ৯ম শ্রেণির ভর্তির জন্য পূর্ববর্তী প্রতিষ্ঠানের টিসির কপি দিতে হবে এবং ৯ম শ্রেণিতে ভর্তির ক্ষেত্রে অভিভাবকের নিজ দায়িত্বে বোর্ড টিসি নিয়ে আসতে হবে।

৯। নির্ধারিত সময়ের মধ্যে কোন অভিভাবক আবেদন ফরম ও আনুসাঙ্গিক কাগজপত্র জমা দিতে ব্যর্থ হলে, উক্ত আসনটি শূন্য বলে গণ্য হবে এবং অপেক্ষমান তালিকা থেকে তা পূরণ করা হবে।

১০। উল্লেখ্য যে, এই আবেদন ফরম জমা দেওয়াই ভর্তির নিশ্চয়তা বহন করে না। শুধুমাত্র প্রদানকৃত সকল তথ্য উপাত্ত সঠিক থাকা সাপেক্ষে ভর্তির জন্য চূড়ান্তভাবে নির্বাচিত করা হবে।

**অনলাইন আবেদন ফরমের প্রিন্ট কপি জমা দেওয়ার তারিখ: ২৬/১২/২০২৪ (স্ব স্ব শাখা)**
**সময়: সকাল ০৯:০০টা থেকে দুপুর ১২:০০টা পর্যন্ত**

Mazeda Begum 24.12.24
অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)
ভিকারুননিসা নূন স্কুল এন্ড কলেজ

Mazeda Begum
Principal (Acting)
Viqarunnisa Noon School & College
Dhaka.